যুগান্তর

তারিখ 16 JUL 2013
পৃষ্ঠা ২ কলাম ৬

বিএড পরীক্ষার ফল প্রকাশ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১২ সালের বিএড পরীক্ষার ফল শোববার প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় সারাদেশে ১৫৭টি কলেজের সর্বমোট ৬ হাজার ৯৬০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে এবং ৬ হাজার ১১৮ জন উত্তীর্ণ হয়েছেন। পাশের হার ৮৭.৯০%। এ ছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০১১ সালের অনার্স পার্ট-১ পরীক্ষার ফলাফল শোববার রাত ১০টায় প্রকাশ করা হয়। ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nuadmission.info) এবং (www.nubd.info) থেকে জানা যাবে। এ ছাড়াও যে কোনো মোবাইল থেকে মেসেজ অপশনে গিয়ে nu<space>H1<space>Roll No লিখে ১৬২২২ নম্বরে Send করে ফলাফল জানা যাবে। সারাদেশে ২৪১টি কলেজের ২ লাখ ২২ হাজার ৬১৫ জন পরীক্ষার্থী ১৩৭টি কেন্দ্রে এ পরীক্ষায় অংশগ্রহণ করে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।